

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৮৯/২ কাকরাইল, ঢাকা-১০০০
www.bmet.gov.bd

নম্বর : ৪৯.০১.০০০০.০২০.৩১.২৫৪.২৩-৪৫২


তারিখ: ১৫/০৫/২০২৪খ্রিঃ।

‘জরুরী নোটিশ’

এতদ্বারা সরকার অনুমোদিত সকল বৈধ রিক্রুটিং এজেন্সির সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সকল রিক্রুটিং এজেন্সির তথ্য ভান্ডার হলো Recruiting Agencies Information Management System (RAIMS)। ইতোপূর্বে অনুমোদিত সকল রিক্রুটিং এজেন্সিকে উক্ত সফটওয়্যারে স্ব-স্ব তথ্যাদি বাধ্যতামূলকভাবে অন্তর্ভুক্ত করার নির্দেশনা দেয়া হয়েছিল। প্রশাসনিক মন্ত্রণালয়ে হতেও RAIMS সফটওয়্যারে অনুমোদিত রিক্রুটিং এজেন্সিসমূহের তথ্য অন্তর্ভুক্তির নির্দেশনা রয়েছে। তা স্বত্বেও লক্ষ্য করা যাচ্ছে যে, উল্লেখযোগ্য সংখ্যক রিক্রুটিং এজেন্সি তাদের তথ্য অন্তর্ভুক্ত করেনি।

০২। সুস্পষ্ট নির্দেশনা থাকা স্বত্বেও RAIMS সফটওয়্যারে রিক্রুটিং এজেন্সিসমূহের তথ্য অন্তর্ভুক্ত না করা ‘বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী (রিক্রুটিং এজেন্ট লাইসেন্স ও আচরণ) বিধিমালা-২০১৯ এর ১১ ধারার সুস্পষ্ট লঙ্ঘন।

০৩। এমতাবস্থায়, যে সকল রিক্রুটিং এজেন্সি এখনো RAIMS সফটওয়্যারে স্ব-স্ব এজেন্সির তথ্য অন্তর্ভুক্ত করেনি আগামী ৩১/০৫/২০২৪খ্রিঃ তারিখের মধ্যে উক্ত সফটওয়্যারে তথ্যাদি অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হলো। ব্যর্থতায় বহির্গমন ছাড়পত্র গ্রহণসহ অন্যান্য সেবা প্রদান স্থগিত এবং লাইসেন্স লক করার জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গৃহীত হবে।


(মোহাম্মদ আবদুল হাই, বিপিএএ)
উপসচিব
পরিচালক (কর্মসংস্থান)
ফোন: ৮৩০০৫৬৫ (অফিস)
Email: diremp@bmet.gov.bd

✓ সভাপতি/সেক্রেটারী
বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ (বায়রা)
বায়রা ভবন, ঢাকা।

স্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার

রিক্রুটিং এজেন্সি-----

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)
২. পরিচালক (বহির্গমন/কর্মসংস্থান/প্রশাসন ও অর্থ/ প্রশিক্ষণ পরিচালনা/প্রশিক্ষণমান ও পরিকল্পনা), বিএমইটি, ঢাকা;
৩. উপপরিচালক (কর্মসংস্থান/বহির্গমন/প্রশাসন ও অর্থ/ প্রশিক্ষণ পরিচালনা/প্রশিক্ষণমান ও পরিকল্পনা), বিএমইটি, ঢাকা (সেবা প্রদানের ক্ষেত্রে RAIMS সফটওয়্যার রিক্রুটিং এজেন্সির প্রোফাইল অন্তর্ভুক্তকরণের বিষয়টি নিশ্চিতকরণের অনুরোধসহ);
৪. সিস্টেম এনালিস্ট, বিএমইটি, ঢাকা (পত্রটি বিএমইটি’র ওয়েবসাইটে নোটিশ আকারে প্রকাশের অনুরোধসহ);
৫. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে);
৬. অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ/কর্মসংস্থান)-এর ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে);
৭. নোটিশ বোর্ড/অফিস কপি।


বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ (বায়রা)

বায়রা ভরন, ১৩০, নিউ ইন্সটন রোড, ঢাকা-১০০০। ফোনঃ ৪১০৩২১৩৬-৩৮

বায়রা/৩(৯)/২০২৪/৪০১

তারিখঃ ২৩/০৫/২০২৪

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর উপরোল্লিখিত নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য বায়রা’র সকল সম্মানিত সদস্যদের অনুরোধ করা হলো।

কে, এম, 
সচিব, বায়রা।

বিতরণ- সদয় কার্যার্থেঃ সম্মানিত সদস্য (সকল)

বায়রা (বায়রা নোটিশ বোর্ড, ই-মেইল, ওয়েবসাইট, হোয়াটসঅ্যাপ গ্রুপযোগে প্রেরিত)।

সদয় জ্ঞাতার্থেঃ ১। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি), কাকরাইল, ঢাকা।

২। জনাব মোহাম্মদ আবদুল হাই, বিপিএএ, উপসচিব, পরিচালক (কর্মসংস্থান), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি), কাকরাইল, ঢাকা।

৩। সম্মানিত সভাপতি ও মহাসচিব, বায়রা, বায়রা ভবন, ১৩০, নিউ ইন্সটন রোড, ঢাকা।